



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০১.০২৮.১৯৯৬-

১৫০৮

তারিখঃ ২০ নভেম্বর ২০১৭।

বরাবর  
যুগ্মপরিচালক (সার)  
বিএডিসি, ঢাকা।

বিষয়ঃ ঢাকা অঞ্চলের সিরাজদিখান সার কমপ্লেক্সের অব্যবহৃত অফিস, বাসাবাড়ী, দারোয়ান কোয়ার্টার ও অন্যান্য স্থাপনাদি ভাড়া প্রদানের নিমিত্ত দরপত্র মূল্যায়ন কমিটির প্রাপ্ত দরপত্র দর অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-২৪১ তারিখঃ ০৮/১১/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা অঞ্চলের সিরাজদিখান সার কমপ্লেক্সের অব্যবহৃত অফিস, বাসাবাড়ী, দারোয়ান কোয়ার্টার ও অন্যান্য স্থাপনাদির সর্বোচ্চ দরদাতা মেসার্স সুমন এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ সুমন বেপারী, দানিয়াপাড়া, সিরাজদিখান, মুন্সিগঞ্জ কর্তৃক উদ্বৃত্ত দর মাসিক ১০,০৬০ (দশ হাজার ষাট) টাকা দর/ভাড়া হিসাবে জনাব মোঃ সুমন বেপারীর অনুকূলে ১ম বছরের মাসিক ভাড়া ১০,০৬০ (দশ হাজার ষাট) টাকা ও ২০% বৃদ্ধির শর্তে ২য় বছরের মাসিক ভাড়া ১২,০৭২/- (বার হাজার বাহাত্তর) টাকা নির্ধারণ করে ০১/০১/২০১৮ তারিখ হতে ৩১/১২/২০১৯ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ভাড়া চুক্তি সম্পাদনের অনুমোদন দেয়া হলো।

## শর্তাবলিঃ

১. ভাড়াটিয়া কি কাজে গুদাম/স্থাপনাদি ব্যবহার করে তা চুক্তিপত্রে সন্নিবেশিত থাকতে হবে। তাছাড়া ভাড়াটিয়ার ব্যবসার ধরন কি ভাড়াটিয়াকে তারও প্রত্যয়ন পত্র দিতে হবে।
২. ন্যূনতম ২০% হারে ভাড়া বৃদ্ধির শর্ত চুক্তিপত্রে সন্নিবেশ করতে হবে।
৩. সংস্থা/ভাড়াটিয়ার প্রয়োজনে ৯০ (নব্বই) দিনের নোটিশে ভাড়াটিয়া বিনা শর্তে গুদাম/স্থাপনা ছেড়ে দেয়ার কথা চুক্তিনামায় লিপিবদ্ধ থাকতে হবে।
৪. সরকারি নিয়মানুযায়ী গুদাম/স্থাপনা ভাড়ার উপর ভাড়াটিয়া ভ্যাট ও উৎসে কর পরিশোধের শর্ত চুক্তিপত্রে লিপিবদ্ধ থাকতে হবে।
৫. ভাড়াটিয়াকে নিজ খরচে গুদাম/স্থাপনা মেরামত করতে হবে। গুদাম/স্থাপনা মেরামত খরচ, এ উদ্দেশ্যে ব্যাংক লোন গ্রহণ, অন্যান্য মেরামতসহ গুদাম রক্ষণাবেক্ষণ ইত্যাদি কাজে ব্যবহৃত খরচ ভাড়াটিয়া দাবি করতে পারবে না মর্মে চুক্তিপত্রে প্রখ্যাপন করতে হবে।
৬. চেয়ারম্যান/কমিশনার প্রদত্ত ভাড়াটিয়ার নাগরিকত্ব সনদপত্র প্রদান করতে হবে।
৭. ভাড়ার টাকা পরিশোধ করার জন্য প্রয়োজনীয় আর্থিক সংগতি রয়েছে কিনা তা প্রমাণের জন্য ভাড়াটিয়ার আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত সনদপত্র প্রদান করতে হবে।
৮. প্রতি ইংরেজি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে ভাড়া আদায় করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভাড়া পরিশোধ না করলে ভাড়াটিয়ার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৯. সংশ্লিষ্ট যুগ্ম পরিচালক কর্তৃক সত্যায়িত ভাড়াটিয়ার ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি চুক্তিপত্রের সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, গুদাম/স্থাপনা ভাড়া, ভ্যাট, উৎসে কর ও অন্যান্য পাওনা আদায়পূর্বক নিয়মিত মাসিক প্রতিবেদন সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করতে হবে।
১০. চুক্তিপত্রে আরবিট্রেশনের বিষয়ে লিপিবদ্ধ করা যাবে না।

এমতাবস্থায়, ০৬ (ছয়) মাসের ভাড়ার সমপরিমাণ অর্থ জামানত, হালনাগাদ ভাড়া, ভাড়ার উপর ভ্যাট এবং অন্যান্য পাওনা আদায়ের প্রমাণকসহ ঢাকা অঞ্চলের সিরাজদিখান সার কমপ্লেক্সের অব্যবহৃত অফিস, বাসাবাড়ী, দারোয়ান কোয়ার্টার ও অন্যান্য স্থাপনাদির উল্লিখিত সময়ের ভাড়া চুক্তি সম্পাদনের নিমিত্তে শর্ত চুক্তিপত্রে সন্নিবেশপূর্বক নন জুডিশিয়াল স্ট্যাম্পে ৩০০/- (তিন শত) টাকা মূল্যমানের ০৩ (তিন) সেট চুক্তিনামার খসড়া গ্রহণ করে সচিব, বিএডিসি, ঢাকা মহোদয়ের চূড়ান্ত স্বাক্ষরের জন্য যথাসময়ে সার ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ

(আশুতোষ লাহিড়ী)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. মেসার্স সুমন এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ সুমন বেপারী, দানিয়াপাড়া, সিরাজদিখান, মুন্সিগঞ্জ।
২. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
৩. অফিস কপি।